



**পিআইবি'র ইনোভেশন টিম এর ১৯.০১.২০২০ তারিখ বেলা ৩.০০ টায়  
অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

পিআইবি'র ইনোভেশন টিম এর একটি সভা ১৯.০১.২০২০ তারিখ বেলা ৩.০০ টায় পরিচালক (প্রশাসন) ও ইনোভেশন অফিসার জনাব মো. ইলিয়াস ভূইয়া-এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ নিম্নরূপঃ

ক্র.নং	নাম ও পদবী	কমিটির পদবী
১.	ড. কামরুল হক, গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি), চ.দা	সদস্য
২.	মোহাম্মদ আব্দুল মান্নান, প্রশিক্ষক	সদস্য
৩.	মো. জাকির হোসেন, উপপরিচালক (প্রশাসন), চ.দা	সদস্য
৪.	মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অ.দা	সদস্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

কমিটির সদস্য জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা জানান, গত ১০ ডিসেম্বর ২০১৯ তারিখে তথ্য মন্ত্রণালয়ের আয়োজনে তথ্য অধিদপ্তরে অনুষ্ঠিত ইনোভেশন সংক্রান্ত ২ (দুই) দিনের প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য পিআইবি'র সহকারী সম্পাদক (ফিচার) জনাব মো. মিজানুর রহমান-কে মনোনয়ন দেয়া হয়েছিল। সে অনুযায়ী তিনি প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন। এছাড়া গত ১৫ জানুয়ারি ২০২০ তারিখে তথ্য মন্ত্রণালয়ের আইসিটি সেল থেকে পত্রের মাধ্যমে বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ২০.০১.২০২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করেছেন।

এ প্রেক্ষিতে ইনোভেশন টিমের সকল সদস্যের অংশগ্রহণে বিস্তারিত আলোচনাপূর্বক পিআইবি'র বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ছক পূরণ করা হয়।

সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম সম্পাদনের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে সহযোগিতার অনুরোধ জানান।

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো. ইলিয়াস ভূইয়া)

ইনোভেশন অফিসার

ও

পরিচালক (প্রশাসন)